গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা
www.sid.gov.bd

***তথ্য অধিকার আইন, ২০০৯*** **ও বিধিবিধান সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক ১ম স্টেকহোল্ডার সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **ড. শাহনাজ আরেফিন** এনডিসি<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সময় ও তারিখ | : | ২৬ অক্টোবর ২০২২, বুধবার, বেলা ১১:৩০ |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ, (ব্লক-এ, লেভেল-১০) |
| আলোচ্যসূচী | : | (ক) *তথ্য অধিকার আইন*-২০০৯ ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ<br>(খ) বিবিধ |
| উপস্থিতি | : | সভায় উপস্থিতিগণের হাজিরা পরিশিষ্ট-"ক" |

২. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাবৃন্দকে এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দকে পরিচয় প্রদান করার জন্য অনুরোধ জানান। তিনি যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) মোছাঃ সুলতানা পারভীন-কে আলোচ্যসূচি অনুযায়ী সভা সঞ্চালনের আহবান জানান। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) জানান, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)'র আওতাধীন কার্যক্রম ১.৫ অনুযায়ী বছরে ৩টি স্টেকহোল্ডার সভা করার নির্দেশনা রয়েছে। তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক ১ম স্টেকহোল্ডার সভা এটি। এপর্যায়ে তিনি এ বিভাগের সচিব মহোদয়কে স্বাগত বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান।

৩. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং অদ্যকার সভার সভাপতি তাঁর স্বাগত বক্তব্যে বলেন, তথ্য একটি প্রবাহমান জিনিস, এটি প্রতিনিয়ত পরিবর্তন হয়, তথ্য সবার জন্য, তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করতে হবে। আমরা জানি, Information is power. আজকের আলোচ্যবিষয় তথ্য অধিকার আইন। এখানে দু'টি শব্দ 'তথ্য' ও 'অধিকার'। আমাদের প্রত্যেকেরই জানা উচিত্ তথ্য কী, অধিকার বলতে কী বোঝায়, কার জন্য তথ্য প্রয়োজন এবং কোন্ কোন্ তথ্য জানার অধিকার রয়েছে। আবার তথ্য প্রকাশের ক্ষেত্রে আইনি বিধিনিষেধ ও রাষ্ট্রীয় গোপনীয়তার বিষয়টিও লক্ষ্য রাখতে হয়। তিনি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার গণমাধ্যম কর্মীগণ আজকের আলোচনা সভায় উপস্থিত হওয়ায় তাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। এরপর তিনি উপসচিব (তথ্য ব্যবস্থাপনা-১) মোঃ ইমরান আহমেদ-কে আলোচ্য বিষয়ের উপর প্রস্তুতকৃত প্রেজেন্টেশন উপস্থাপনের আহ্বান জানান।

৪. উপসচিব (তথ্য ব্যবস্থাপনা-১) বলেন, "তথ্য চাইলে জনগণ, দিতে বাধ্য প্রশাসন"-এই প্রতিপাদ্যকে সামনে রেখে *তথ্য অধিকার আইন, ২০০৯* পাশ করা হয়। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জাতীয় তথ্য/উপাত্ত ভাণ্ডার। আমরা জানি, গণমাধ্যম হলো রাষ্ট্রের ৫ম স্তম্ভ। গণমাধ্যম জগণের অধিকার আদায়ে সর্বদা সচেষ্ট। *তথ্য অধিকার আইন* ২০০৯-এর সঙ্গে তথ্য পাওয়ার ক্ষেত্রে অধিকারের বিষয়টি আলোচনাসহ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। অতঃপর উপস্থাপনা শেষে তিনি সম্মানিত সদস্যবৃন্দকে জিজ্ঞাসা ও মূল্যবান মতামত প্রদানের অনুরোধ জানান।

৫.০ আলোচনা:

৫.১ জনাব হামিদ-উজ-জামান, স্টাফ রিপোর্টার, দৈনিক যুগান্তর বলেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো হতে মাসিক মূল্যস্ফীতির হার প্রকাশের কার্যক্রমটি *তথ্য অধিকার আইন, ২০০৯* অনুযায়ী বাধ্যতামূলক নাকি স্বপ্রণোদিত কাজ? জবাবে যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) বলেন, মাসিক মূল্যস্ফীতির হার প্রকাশের কার্যক্রমটি বিবিএস-এর একটি নিয়মিত এবং স্বপ্রণোদিত কার্যক্রম।

৫.২ জনাব মোঃ মাসুম বিল্যাহ, সিনিয়র রিপোর্টার, দৈনিক শেয়ার বিজ্ কড়চা বলেন, বিবিএস কর্তৃক মূল্যস্ফীতির হার প্রকাশ করা হলেও জনগণ সাংবাদিকদের কাছে মূল্যস্ফীতি সম্পর্কিত পটভূমি জানতে চায়। তিনি সম্ভব হলে মূল্যস্ফীতির হার প্রণয়নের পটভূমিসহ তা প্রকাশ করার পরামর্শ দেন।

৫.৩ জনাব আবু হেনা মুহিব, সিনিয়র রিপোর্টার, দৈনিক সমকাল বলেন, দেশে মূল্যস্ফীতির হার যখন বৃদ্ধির দিকে তখন সরকার কেন তা প্রকাশে বিলম্ব করছে, মূল্যস্ফীতির হার কম থাকলে তো দ্রুত প্রকাশ করা হয়। জবাবে বিবিএস-এর উপমহাপরিচালক জনাব কাজী নূরুল ইসলাম বলেন, মাঠ থেকে তথ্য সংগ্রহের পর তা যাচাই-বাছাই করে তথ্যের গুণগতমান অক্ষুণ্ণ রেখে নির্ভুলভাবে তা জনসম্মুখে প্রকাশ করা হয়।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৫.৪ জনাব হামিদ সরকার, দৈনিক নয়াদিগন্ত (বিশেষ প্রতিনিধি) বলেন, বিবিএস-এর চলমান প্রকল্পসমূহের সর্বশেষ অবস্থা জানতে চাইলে কিছু কিছু প্রকল্প পরিচালক জানান, তা প্রকাশে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি লাগবে। *তথ্য অধিকার আইন,২০০৯* অনুযায়ী আবেদন করলে সে সম্পর্ক তথ্য প্রকাশ করা হবে কি-না? জবাবে উপমহাপরিচালক, বিবিএস বলেন, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত বিভিন্ন দপ্তর/সংস্থায় প্রেরণ করা হয়। তারপরেও কারো বিশেষ কোন দিক জানার আগ্রহ থাকলে *তথ্য অধিকার আইন, ২০০৯* অনুযায়ী আবেদন করতে পারে। সেক্ষেত্রে কর্তৃপক্ষ চাহিত তথ্য প্রকাশ বা সরবরাহ করবে।

৫.৫ জনাব মোঃ তামজিদ হাসান, স্টাফ রিপোর্টার, দৈনিক কালের কণ্ঠ, বিবিএস-এর তথ্য নিয়ে সকলেই সন্তুষ্ট এবং বর্তমানে বিবিএস-এর কার্যক্রম অনেক বেশি গতিশীল। তবে মাঝে মাঝে তথ্য প্রকাশে কিছুটা বিলম্ব হওয়ার বিষয়টি দুরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। জবাবে উপমহাপরিচালক, বিবিএস বলেন, তথ্যের নির্ভুলতা নিশ্চিতকরণসহ মানসম্পন্ন তথ্য প্রণয়নে বিবিএস বদ্ধপরিকর।

৫.৬ জনাব ইমদাদ হোসাইন, স্টাফ রিপোর্টার, দৈনিক দেশ রূপান্তর বলেন, বিবিএস-এর তথ্য বিভিন্ন গবেষণামূলক কার্যক্রমে ব্যবহার করা হয়ে থাকে। কোন কারণে বিবিএস তথ্য প্রকাশে বিলম্ব করলে গবেষণা কার্যক্রম ব্যাহত হয়। সুতরাং কর্তৃপক্ষের উচিত দ্রুত তথ্য প্রকাশ বা সরবরাহ করা। জবাবে উপমহাপরিচালক, বিবিএস বলেন, বিবিএস গুণগত মানসম্পন্ন তথ্য প্রকাশে সর্বদা সচেষ্ট আছে, ভবিষ্যতেও থাকবে এবং দ্রুততার সঙ্গে তথ্য প্রকাশে সচেষ্ট থাকবে।

৫.৭ যুগ্মসচিব (প্রশাসন) জনাব ড. মোঃ আনোয়ার উল্ল্যাহ, এফসিএমএ বলেন, বিবিএস তথ্য প্রস্তুত করে এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ তা অনুমোদন করে। সম্মানিত সাংবাদিকগণ জনগণের কাছে তা পৌছানোর একটি মাধ্যম হিসেবে কাজ করেন। তথ্য অনুমোদনসহ প্রকাশে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ভবিষ্যতে আরো সক্রিয় ভূমিকা পালন করবে। বিধিবদ্ধ সময় ও পরিমাপ অনুযায়ী তথ্য প্রকাশের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ প্রস্তুত রয়েছে। তিনি এক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা আহবান করেন।

৬. সার্বিক আলোচনান্তে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

০৬.১১.২২

(ড. শাহনাজ আরেফিন এনডিসি)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং- ৫২.০০.০০০০.০১৮.১৬.০১৪.২২-১৫৯ তারিখ : ০৩-১১-২০২২ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, পরিকল্পনা বিভাগ. শেরে-বাংলানগর, ঢাকা
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, ঢাকা
৮. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
৯. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন/উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১১. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
১২. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)
১৩. পরিচালক,আইএসআরটি, ঢাকা বিশ্ববিদ্যালয়
১৪. যুগ্মসচিব (প্রশাসন/বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা/ তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৫. উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৬. সিনিয়র সহকারী সচিব ও সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৭. সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১৮. সম্পাদক/বার্তা সম্পাদক, গুরুত্বপূর্ণ জাতীয় দৈনিক পত্রিকাসমূহ

<অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১. সিনিয়র সহকারী সহকারী সচিব (সমন্বয় ও সংস্কার শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৪. যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৫. অফিস কপি

(মোঃ ইমরান আহমেদ)
উপসচিব
☎ ৫৫০০৭৩৮৪